২.৩ চুক্তির শর্তাবলী ঃ

২.৩.১ ডেভেলপম্যান্ট ক্রেডিট এগ্রিম্যান্ট (ডিসিএ)

ডেভেলপম্যান্ট ক্রেডিট এগ্রিম্যান্ট এ সাধারণত নিম্নোক্ত বিষয়সমূহের উল্লেখ থাকে ঃ

০১. ঋণ প্রদানকারী দেশ বা সংস্থার নাম;
০২. ঋণ প্রদানকারী প্রতিষ্ঠানের ধরণ (Institution Type);
০৩. চুক্তির ধরণ (Agreement Type);
০৪. অর্থায়নের ধরণ (Financing Type);
০৫. ঋণের নাম্বার;
০৬. ঋণের উদ্দেশ্য;
০৭. যে প্রকল্পের জন্য ঋণ দেয়া হচ্ছে তার নাম;
০৮. চুক্তি স্বাক্ষরের সর্বশেষ সময়সীমা (Date Effective Limit);
০৯. চুক্তি স্বাক্ষরের তারিখ;
১০. ঋণ কার্যকর হওয়ার প্রকৃত তারিখ (Date Effective);
১১. ঋণ উত্তোলনের প্রথম কিস্তির তারিখ;
১২. ঋণ উত্তোলনের সর্বশেষ সময়সীমা (Date Drawing Limit);
১৩. যে মুদ্রায় ঋণ প্রদান করা হচ্ছে তার নাম;
১৪. ঋণের পরিমাণ (ঋণের সাথে অনুদান থাকলে তার পরিমাণ);
১৫. সুদের হার (গ্রেস পিরিয়ডে সুদের হার ভিন্ন হলে তা এবং প্রকল্পের বিভিন্ন কম্পোনেন্টের জন্য সুদের হার ভিন্ন থাকলে তা আলাদাভাবে উল্লেখ থাকে)
১৬. দন্ড সুদের হার, সার্ভিস চার্জ, কমিটম্যান্ট ফি (প্রযোজ্য ক্ষেত্রে);
১৭. গ্রেস পিরিয়ড়;
১৮. ঋণ পরিশোধ সময় বা লোন পিরিয়ড়;
১৯. ঋণ পরিশোধ-কিস্তির ধরণ বা মোড অব রিপেম্যান্ট;
২০. ঋণ পরিশোধসূচি বা রিপেম্যান্ট সিডিউল;
২১. উভয় পক্ষের মধ্যে চুক্তির বিষয়ে কোন মতদ্বৈততা দেখা দিলে তা নিরসনের পদ্ধতি;
২২. চুক্তি স্বাক্ষরের পরে চুক্তির কোন শর্ত পরিবর্তন, সংশোধন, পরিমার্জন বা সংযোজনের প্রয়োজন দেখা দিলে তার পদ্ধতি;
২৩. চুক্তি অবসায়নের সময়;
২৪. কী কী কারণে চুক্তি বহাল থাকাবস্থায় চুক্তির অবসায়ন হতে পারে;
২৫. অনেক সময় ঋণ পূনর্বিনিয়োগে সুনির্দিষ্ট কিছু শর্ত আরোপের বিষয় উল্লেখ থাকে যা এসএলএ-তে সন্নিবেশ করতে হয়।

২.৩.২ সাবসিডিয়ারী লোন এগ্রিম্যান্ট (এসএলএ) এবং লোন এগ্রিম্যান্ট (এলএ)

সাধারণত: ডেভেলপম্যান্ট ক্রেডিট এগ্রিম্যান্ট এর শর্তাবলীর সাথে সামঞ্জস্য রেখে সাবসিডিয়ারী লোন এগ্রিম্যান্ট সম্পাদিত হয়। যথাযথভাবে ডিএসএল হিসাব সংরক্ষণ ও ব্যবস্থাপনার লক্ষ্যে সাবসিডিয়ারী লোন এগ্রিম্যান্ট (এসএলএ) এবং লোন এগ্রিম্যান্ট (এলএ)-এ নিম্নলিখিত বিষয়গুলো সন্নিবেশিত হয়ে থাকে ঃ

০১. প্রতিষ্ঠান/ এজেন্সির নাম এবং কোড নম্বর;
০২. প্রকল্পের নাম;
০৩. ঋণের নাম ও নম্বর;
০৪. উন্নয়ন সহযোগির নাম (বৈদেশিক ঋণের ক্ষেত্রে);
০৫. এসএলএ'র রেফারেন্স;
০৬. ডিসিএ-র রেফারেন্স;
০৭. ঋণের পরিমাণ, বৈদেশিক ঋণের ক্ষেত্রে বৈদেশিক মুদ্রার সমপরিমাণ টাকার অংক এবং অনুদান থাকলে তার পরিমাণ;